

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
প্লট নম্বর- এফ ২০/বি পশ্চিম আগারগাঁও  
শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭  
www.copyrightoffice.gov.bd


স্মারক নং-CRF-20231845-18898 / ৬০৮

তারিখ: ২৫ পৌষ ১৪৩১  
০৯ জানুয়ারি ২০২৫ খ্রি:

বিষয়: কপিরাইট রেজিস্ট্রেশন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কপিরাইট আইন অনুযায়ী মেসার্স স্বাক্ষর চলচ্চিত্র কর্তৃক প্রযোজিত “ভাড়াটে খুনি” নামক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র কর্ম টিভি চ্যানেল সম্প্রচার স্বত্বের রেজিস্ট্রেশনের জন্য জনাব মোঃ শেখ ফরিদ আবেদন করেছেন। ইতোপূর্বে “ভাড়াটে খুনি” নামে রেজিঃ নং- ১৮৭২৯ কপার ডিজিটাল সম্প্রচার স্বত্ব এবং রেজিঃ নং- ২৩৭২৮ কপার চলচ্চিত্রের গানের ডিজিটাল সম্প্রচার স্বত্বের সনদ প্রদান করা হয়েছে। আবেদনকৃত নথির ভায়া দলিলে উল্লিখিত চলচ্চিত্রের ডিজিটাল স্বত্বের অংশের সাথে রেজিঃ নং- ১৮৭২৯ ও রেজিঃ নং- ২৩৭২৮ কপার নথির সাদৃশ্য থাকায় উভয় পক্ষের উপস্থিতিতে শুনানি প্রয়োজন।

উল্লিখিত বিষয়ে ব্যক্তিগত বা উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে আগামী ২২ জানুয়ারি ২০২৫ তারিখ বেলা ১১:০০ টায় বাংলাদেশ কপিরাইট অফিসে শুনানি অনুষ্ঠিত হবে। প্রত্যেক পক্ষকে হস্তান্তর দলিলের মূলকপিসহ স্ব স্ব বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণ, তথ্য এবং প্রয়োজনে লিখিত বক্তব্যসহ স্বয়ং বা আইনানুগ প্রতিনিধির মাধ্যমে শুনানিতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। অন্যথায় কপিরাইট আইন- ২০২৩ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গৃহীত হবে।

  
০২/০১/২০২৫  
(আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক)  
কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার (যুগ্মসচিব)  
ফোন: ০২ ২২২২১৮৬৪০ (অফিস)  
[info@copyrightoffice.gov.bd](mailto:info@copyrightoffice.gov.bd)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব আবিদ রশিদ, প্রোপ্রাইটর, সিডি প্লাস, ২১/এ, ২য় তলা, নিউ ইন্সটন, রোড, রমনা, ঢাকা।
২. জনাব মোঃ শেখ ফরিদ, ৯/১ চৌধুরীভিলা (৩য় তলা), উত্তর পীরেরবাগ, মিরপুর, ঢাকা। ০১৭২৯৪২৯৩৭৩
৩. জনাব রঞ্জন কুমার দাস, হাউজ নং- ৬/৩, রোড- শশী ভূষণ চ্যাটার্জী লেন, গেভারিয়া, ঢাকা- ১২০৩
৪. কে. এম. শাহিন, ২৩১/১, পশ্চিম শান্তিবাগ, মালিবাগ, ঢাকা।
৫. হরেশ চন্দ্র সাহা, বাসা: ৮৫/১, কাকরাইল টমাস টাওয়ার (ফ্লাটনং-৬ বি), জিপিও, রমনা, ঢাকা-১০০০
৬. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কপিরাইট অফিস (ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত)
৭. ব্যক্তিগত সহকারী- ডেপুটি রেজিস্ট্রারের কার্যালয়।
৮. অফিস কপি।